গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
প্রশাসন-২ শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নম্বর ৪১.০১.০০০০.০০৯.১১.০০১.২৬- ৬৪০

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩
১৪ জুলাই ২০২৬

বিষয়:- সমাজসেবা অধিদপ্তরের অধীন ১৩তম থেকে ২০তম গ্রেডভুক্ত পর্যন্ত সর্বমোট ১৪৮৫ (এক হাজার চারশত পঁচাশি) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত জেলা ভিত্তিক এবং বিভাগ ভিত্তিক সক্ষমতার (কেন্দ্র ও আসন সংখ্যা) তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরের ১৩তম থেকে ২০তম গ্রেডভুক্ত ৫২ (বায়ান্ন) ক্যাটাগরির সর্বমোট ১৪৮৫ (এক হাজার চারশত পঁচাশি) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। টেলিটক থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী চাকুরী প্রার্থী সংখ্যা ২১,২৩,০৬৭ (একুশ লক্ষ তেইশ হাজার সাতষট্টি) জন।

০২। ১৩-০৭-২০২৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটির সভায় জেলা ভিত্তিক এবং বিভাগ ভিত্তিক পরীক্ষা গ্রহণের সক্ষমতার তথ্য চেয়ে সকল বিভাগীয় পরিচালক বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে জেলা ভিত্তিক এবং বিভাগ ভিত্তিক পরীক্ষা গ্রহণের সক্ষমতার বিস্তারিত তথ্য প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, সমাজসেবা অধিদপ্তরের ১৩তম থেকে ২০তম গ্রেডভুক্ত ৫২ (বায়ান্ন) ক্যাটাগরির সর্বমোট ১৪৮৫ (এক হাজার চারশত পঁচাশি) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত সর্বমোট ২১,২৩,০৬৭ (একুশ লক্ষ তেইশ হাজার সাতষট্টি) জন আবেদনকারীর পরীক্ষা গ্রহণের নিমিত্ত জেলা ভিত্তিক এবং বিভাগ ভিত্তিক সক্ষমতার (কেন্দ্র ও আসন সংখ্যা) তথ্য জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

১৪.৭.২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ৫৫০০৭০২২

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

অনুলিপি:
১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়(সকল)............................ ;
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা [সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৩. অফিস কপি।